# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেল সুপার
জয়পুরহাট জেলা কারাগার

এবং

কারা উপ মহাপরিদর্শক
রাজশাহী বিভাগ, রাজশাহী
এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র



| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র - | |
| প্রস্তাবনা | ০৩ |
| কর্মসম্পাদন পরিকল্পনা | ০৪ |
| সেকশন-১ : রূপকল্প,অভিলক্ষ্য,কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ ও কার্যাবলি | ০৫ |
| সেকশন-২ : বিভিন্ন কার্যক্রমের ফলাফল / প্রভাব | ০৬ |
| সেকশন-৩ : কর্মসম্পাদন পরিকল্পনা | ০৭-১০ |
| সংযোজনী ১ :শব্দসংক্ষেপ | ১১ |
| সংযোজনী ২ : কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক | ১২ |
| সংযোজনী ৩ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ | ১৩ |
| সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা,২০২৩-২০২৪ | |
| সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা.২০২৩-২০২৪ | |
| সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | |
| সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | |
| সংযোজনী ৮ : তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ | |

<u>প্রস্তাবনা</u>

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেল সুপার, জয়পুরহাট জেলা কারাগার

এবং

কারা উপ মহাপরিদর্শক, রাজশাহী বিভাগ, রাজশাহী এর মধ্যে ২০২৩ সালের জুন মাসের ১২ তারিখে এই বার্ষিক চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## কর্মসম্পাদনের সার্বিক চিত্র

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা :**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :**

বিগত ৩ বছরে জয়পুরহাট জেলা কারাগারে ২টি ট্রেডের আওতায় মোট ২২৫ জন কারাবন্দিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । কারা বন্দিদের জন্য অত্র কারাগারে পিসিতে অনলাইনে টাকা প্রদানের কার্যক্রম চালু করা হয়েছে । কারাগারে আটক মাদকাসক্ত ৭০৫ জন বন্দিকে বিশেষ / চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে । অত্র কারাগারে বিশেষ ওয়ার্ড চালু করা হয়েছে । কারাগারে ০৪ টি কাউন্সেলিং কার্যক্রম করা হয়েছে । কারাবন্দিদের উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% বন্দিদের প্রদানের ব্যবস্থা চলমান রয়েছে। এ ব্যবস্থায় অত্র কারাগারে বর্তমান উপকারভোগীর সংখ্যা ১০ জন । কারা বন্দিদের টেলিফোনে কথা বলার সুযোগ সৃষ্টির লক্ষ্যে অত্র কারাগারে ০৩টি মোবাইল ফোনবুথ চালু করা হয়েছে । দর্শনার্থীদের বসার জন্য অপেক্ষাগার নির্মাণ করা হয়েছে। মহিলা কারারক্ষিদের বসবাসের জন্য ১০ইউনিট বিশিষ্ট পাঁচতলা ভবন নির্মাণ করা হয়েছে। অত্র কারাগারে ১০ সিসিটিভি ক্যামেরাসহ মনিটর স্থাপন করা হয়েছে। অত্র কারাগারে ০২টি হ্যান্ডহেল্ড মেটাল ডিটেক্টর সংযোজন করা হয়েছে ।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

অত্র কারাগারে ধারণ ক্ষমতার প্রায় ০৫ গুন কারাবন্দি অবস্থান করায় সীমিত জনবল ও লজিস্টিক সাপোর্টের মাধ্যমে তাদের সার্বিক নিরাপত্তা ও স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এ কারাগারের জন্য বড় চ্যালেঞ্জ হিসেবে বিবেচিত হচ্ছে।

**ভবিষ্যত পরিকল্পনা:**

কারাবন্দিদের আবাসন সমস্যা সমাধানের লক্ষ্যে উন্নয়ন প্রকল্পের আওতায় জরাজীর্ন ও পুরাতন ভবনসমূহকে সম্প্রসারন ও আধুনিকায়ন করার ব্যবস্থা গ্রহণ করা হবে।পাশাপাশি নতুন ভবন স্থাপন করে বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। জরাজীর্ণ ও পুরাতন অফিস ভবন সংস্কার করে আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত নতুন অফিস ভবন তৈরি করার উদ্যোগ নেওয়া হবে। কর্মচারীদের জন্য মানসম্মত আবাসিক ভবন নির্মাণ করা হবে। কারাগারের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা হবে। আরো বেশি সংখ্যক বন্দিকে প্রশিক্ষণ এর আওতায় এনে দক্ষতা বৃদ্ধি করা হবে। তাদেরকে সংশোধন করে সমাজে পুনর্বাসনের উদ্যোগ গ্রহন করা হবে। অসহায় ও অস্বচ্ছল বন্দিদেরকে সরকারি আইনগত সহায়তা প্রদান কার্যক্রমকে আরো বেগবান করা হবে। বন্দিদের ধর্মীয় মূল্যবোধ জাগ্রত করে তাদেরকে রাষ্ট্র ও দেশের কল্যাণে নিজেকে আরো বেশী নিবেদিত প্রাণ হিসেবে গড়ে তোলার পদক্ষেপ গ্রহণ করা হবে।

**২০২৩-২৪ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :**

বেশি সংখ্যক কারাবন্দিকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সম্প্রসারণ করা হবে;
কারাগারে লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ;
কারাগারে মাদকাসক্ত বন্দিদের জন্য ০৫ টি কাউন্সেলিং কার্যক্রম সম্পন্ন করা;
কারাগারে পেরিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা;

## সেকশন-১

### রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প :**

রাখিব নিরাপদ দেখাব আলোর পথ।

**১.২ অভিলক্ষ্য :**

বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ, কারাগারের কঠোর নিরাপত্তা ও শৃংখলা বজায় রাখা, বন্দিদের সাথে মানবিক আচরণ, তাদের যথাযথ বাসস্থান, খাদ্য, চিকিৎসা ও আত্মীয়-স্বজন, বন্ধু-বান্ধব ও আইনজীবির সাথে সাক্ষাতের সুযোগ দান এবং সুনাগরিক হিসেবে সমাজে পুনর্বাসনের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ ও উপযুক্ত প্রশিক্ষণ প্রদান।

**১.৩ কর্মসম্পাদন ক্ষেত্রসমূহ :**

১। কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা;
২। কারাগারে প্যারিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা;
৩। কারাবন্দিদের আইনগত সহায়তা প্রদান;
৪। বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা;

**১.৪ কার্যাবলী :**

১. বন্দিদের নিরাপদ আটক নিশ্চিতকরণ ও শৃংখলা নিয়ন্ত্রণ ;
২. কারা বন্দিদের স্বাস্থ্যসম্মত আবাসন, পুষ্টি, স্বাস্থ্য ও শিক্ষা নিশ্চিতকরণ ;
৩. বন্দিদের আইনগত সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ ;
৪. বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা;
৫. সাজাপ্রাপ্ত বন্দিদের প্রাপ্য রেয়াত মঞ্জুর এবং শৃংখলা ভঙ্গের জন্য সাজা প্রদান ;
৬. বন্দিদের সমাজে পূর্নবাসনের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ নাগরিক হিসেবে গড়ে তোলা ;
৭. মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা সেবা নিশ্চিতকরণ ;

সেকশন-২

<u>জয়পুরহাট জেলা কারাগারের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)</u>

| আউটকাম (Outcome) | কর্মসম্পাদন (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা | প্রক্ষেপন | | কারা উপ-মহাপরিদর্শকের নির্ধারিত প্রভাব অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ | ২০২৫-২৬ | | |
| ১.কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | ১.১ উৎপাদিত পণ্যের বিপরীতে প্রদানকৃত লভ্যাংশ | সংখ্যা (বন্দি) (ক্রমপুঞ্জিত) | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | অর্থ বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা ও অষ্টম পঞ্চ বার্ষিক পরিকল্পনা |
| ২. বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা | ২.১ কারাগারে সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ এর জন্য আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান | সংখ্যা (অনুষ্ঠান) (সমষ্টি) | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | অর্থ বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা |

## সেকশন -৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমুহ

| কর্মসম্পাদনের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্ম সম্পাদন সূচক | গণণা পদ্ধতি | একক | কর্ম সম্পাদন সূচকের মান | প্রকৃত | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপন ২০২৪-২৫ | প্রক্ষেপন ২০২৫-২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২১-২২ | ২০২২-২৩ | অসাধারন | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| জয়পুরহাট জেলা কারাগারের কার্যক্রম | | | | | | | | | | | | | | | |
| (১) কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | ৩২ | (১.১) কারাবন্দিদের কর্মদক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান | (১.১.১) কারাবন্দিদের জন্য পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম সম্প্রসারণ | ক্রমপুঞ্জিত | সংখ্যা (বন্দি) | ৮ | ৭০ | ৮০ | ৯০ | ৮১ | ৭২ | ৬৩ | ৫৪ | ৯৫ | ১০০ |
| | | (১.২) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (১.২.১) কারাগারে মাদকাসক্ত বন্দিদের কাউন্সেলিং কার্যক্রম | সমষ্টি | সংখ্যা (সভা) | ৮ | - | ০৪ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৬ | ০৭ |
| | | | (১.২.২) কারাগারে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | ক্রমপুঞ্জিত | সংখ্যা (বন্দি) | ৮ | ২০৬ | ২৩৯ | ২৬০ | ২৩৪ | ২০৮ | ১৮২ | ১৫৬ | ২৮০ | ৩০০ |

| | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | (১.৩) উৎপাদিত পণ্যের লভ্যাংশের ৫০% সংশ্লিষ্ট বন্দিকে প্রদান | (১.৩.১) লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ | ক্রমপুঞ্জিত | সংখ্যা (বন্দি) | ৮ | ০৩ | ০৪ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | ০৬ | ০৭ |
| (২) কারাগারে পেরিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা | ১০ | (২.১) কারাগারের নিরাপত্তা বৃদ্ধির লক্ষ্যে পেরিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা | (২.১.১) কারাগারে পেরিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ | ক্রমপুঞ্জিত | শতকরা | ১০ | - | ১০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | -- | -- |
| (৩) কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান | ২৩ | (৩.১) কারা বন্দিদের মামলা নিস্পত্তির জন্য সহায়তা প্রদান | (৩.১.১) দীর্ঘদিন বিনা বিচারে আটক বন্দীদের তালিকা মামলা নিস্পত্তির জন্য কারা অধিদপ্তরে প্রেরণ করা। | সমষ্টি | তালিকা | ৪ | - | - | ০১ | -- | - | - | - | ০১ | ০১ |
| | | | (৩.১.২) বয়োবৃদ্ধ ও গুরুতর অসুস্থ কারা বন্দিকে কারা মুক্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এর লক্ষ্যে তালিকা কারা অধিদপ্তরে প্রেরণ | সমষ্টি | তালিকা | ৪ | - | - | ০১ | - | - | - | - | ০১ | ০১ |
| | | | (৩.১.৩ ) কারা বন্দিদের জন্য প্রাথমিক শিক্ষা ও ধর্মীয় শিক্ষা বৃদ্ধি করা | সমষ্টি | সংখ্যা (বন্দি) | ৫ | ১০০ | ১২০ | ১৪০ | ১২৬ | ১১২ | ৯৮ | ৮৪ | ১৫০ | ১৬০ |

| | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | (৩.১.৪ ) স্থানীয় পর্যায়ে অভিযোগ সরাসরি নিষ্পত্তির লক্ষ্যে অংশীজনের অংশগ্রহণে গণশুনানির আয়োজন করা | সমষ্টি | সংখ্যা (সভা) | ৫ | ০৩ | ০৪ | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০৭ | ০৮ |
| | | | (৩.১.৫) কারা বন্দিদের মামলা ভার্চুয়ালি পরিচালনার জন্য কারগারে ১টি কক্ষ উপযোগী করণ ও যন্ত্রপাতি স্থাপন | সমষ্টি | কক্ষ ও যন্ত্রপাতি | ৫ | - | - | ০১ | -- | -- | -- | -- | ০১ | ০১ |
| (৪) বন্দিদের মানসিক বিষন্নতা দূর করার জন্য কার্যক্রম গ্রহণ করা | ৫ | (৪.১) বন্দিদের মানসিক বিষন্নতা দূর করা | (৪.১) কারাগারে সাংস্কৃতিক কার্যক্রম গ্রহণ এর জন্য আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা (অনুষ্ঠান) | ৫ | ০২ | ০৩ | ০৪ | ০৩ | ০২ | ০১ | -- | ০৫ | ০৬ |

# সংযোজনী - ১

## শব্দসংক্ষেপ (Acronyms) :

| ক্রমিক | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | -- | -- |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|---|
| ১. কারাবন্দিদের মুক্তির পর সমাজে পুনর্বাসনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা | (১.১) কারাবন্দিদের পুনর্বাসনের জন্য কার্যক্রম বাস্তবায়ন; | (১.১.১) বিভিন্ন ট্রেডে প্রদানকৃত প্রশিক্ষণ এবং লভ্যাংশ প্রদান কার্যক্রম সম্প্রসারণ | জয়পুরহাট জেলা কারাগার | লভ্যাংশ গ্রহনকারীর স্বাক্ষরসহ প্রতিবেদন |
| | (১.২) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান; | (১.২.১) কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | জয়পুরহাট জেলা কারাগার ও গণপূর্ত বিভাগ, জয়পুরহাট | চালুকৃত ওয়ার্ড এর ছবি ও সহকারি সার্জন এর প্রতিবেদন |
| ২. কারাগারে পেরিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা | (২.১) কারাগারের নিরাপত্তা বৃদ্ধিকরার জন্য চারপাশে ওয়াকওয়ে নির্মাণ; | (২.১.১) কারাগারে পেরিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ | গণপূর্ত বিভাগ, জয়পুরহাট | গণপূর্ত বিভাগ, জয়পুরহাট এর প্রতিবেদন |

## সংযোজনী ৩ :

### অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| (১) মাদকাসক্ত বন্দিদের চিকিৎসা প্রদান | (১.১.১) কারাগারসমূহে মাদকাসক্ত বন্দিদের জন্য বিশেষ ওয়ার্ড চালুকরণ ও চিকিৎসা প্রদান | গণপূর্ত বিভাগ, জয়পুরহাট, সিভিল সার্জন, জয়পুরহাট ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,জয়পুরহাট। | গণপূর্ত বিভাগ, জয়পুরহাট, চিকিৎসক পদায়নের জন্য সিভিল সার্জন, জয়পুরহাট এবং কাউন্সেলিংয়ের জন্য মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ,জয়পুরহাট এর উপর নির্ভর করতে হয়। |
| (২) কারাগারে পেরিমিটার ওয়ালের চারপাশে ওয়াকওয়ে নির্মাণ করা | (২.১.) কারাগারের নিরাপত্তা বৃদ্ধিকরার জন্য চারপাশে ওয়াকওয়ে নির্মাণ | গণপূর্ত বিভাগ, জয়পুরহাট। | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত বিভাগ, জয়পুরহাট এর মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে। |
| (৩) কারা বন্দিদের আইনগত সহায়তা প্রদান | (৩.১.৫) কারা বন্দিদের মামলা ভার্চুয়ালি পরিচালনার জন্য কারগারে ১টি কক্ষ উপযোগী করণ ও যন্ত্রপাতি স্থাপন। | গণপূর্ত বিভাগ, জয়পুরহাট। | সকল উন্নয়নমূলক কার্যক্রম গণপূর্ত বিভাগ, জয়পুরহাট এর মাধ্যমে বাস্তবায়িত হয়ে থাকে। |

<u>**অঙ্গীকারনামা**</u>

আমি রীতেশ চাকমা, জেল সুপার, জয়পুরহাট জেলা কারাগার, কারা উপ মহাপরিদর্শক, রাজশাহী বিভাগ, রাজশাহী এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মোঃ কামাল হোসেন, কারা উপ মহাপরিদর্শক (ভারপ্রাপ্ত), রাজশাহী বিভাগ, রাজশাহী, জেল সুপার, জয়পুরহাট জেলা কারাগার এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

রীতেশ চাকমা
জেল সুপার
জেলা কারাগার জয়পুরহাট

জেল সুপার
জয়পুরহাট জেলা কারাগার।

১২ জুন, ২০২৫
---------------------
তারিখ

---------------------
কারা উপ মহাপরিদর্শক
রাজশাহী বিভাগ,রাজশাহী।

১২/০৬/২০২৫
---------------------
তারিখ